



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা
(স্থানীয় সরকার শাখা)।
www.bhola.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম-শহরের উন্নতি।

“লঞ্চঘাট ইজারা বিজ্ঞপ্তি”

এতদ্বারা জেলা প্রশাসনের নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত লঞ্চঘাটসমূহ ১৪২৯ বাংলা সনের ৩০শে চৈত্র পর্যন্ত ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে মুখবন্ধ খামে নির্ধারিত ফরমে দরপত্র আহবান করা যাচ্ছে। নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) অফিস চলাকালীন সময়ে এ কার্যালয়সহ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী ইজারা দরপত্র ক্রয় এবং দুপুর ১:০০ ঘটিকার মধ্যে ইজারা দরপত্র দাখিল করা যাবে। প্রাপ্ত দরপত্রসমূহ দাখিলের তারিখেই বিকাল ০৪:০০ ঘটিকার সময় এ কার্যালয়ে দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হবে। দরপত্র দাতাকে দরপত্রের উদ্ধৃত মূল্যের ১০০% (একশত ভাগ) অর্থ যেকোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দাখিল করতে হবে। দরপত্রের অন্যান্য শর্তাবলী উল্লিখিত অফিস চলাকালীন সময়ে দেখা যেতে পারে। এছাড়া দরপত্র সিডিউলের সাথে দরপত্রের অন্যান্য শর্তাবলী সরবরাহ করা হবে।

বিবরণ	দরপত্র বিক্রয়ের তারিখ	দরপত্র দাখিলের তারিখ	মন্তব্য
৪র্থ বারের দরপত্র	০২/০৮/২০২২ হতে ১৬/০৮/২০২২ খ্রি. পর্যন্ত	১৭/০৮/২০২২ খ্রি.	৪র্থ দরপত্রে যে সকল লঞ্চঘাটের ইজারা কার্যক্রম অসমাপ্ত থাকবে সে সকল লঞ্চঘাটের ক্ষেত্রে পর্যায়ক্রমে ৫ম ও ৬ষ্ঠ বার দরপত্র ক্রয় ও দাখিল করতে পারবে। এজন্য পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। এর পরও কোন লঞ্চঘাটের ইজারা কার্যক্রম অসমাপ্ত থাকলে তার জন্য অফিস বিজ্ঞপ্তির মাধ্যমে পরবর্তী ইজারা কার্যক্রম পরিচালনা করা হবে।
৫ম বারের দরপত্র	০১/০৯/২০২২ হতে ১৮/০৯/২০২২ খ্রি. পর্যন্ত	১৯/০৯/২০২২ খ্রি.	
৬ষ্ঠ বারের দরপত্র	০২/১০/২০২২ হতে ১৬/১০/২০২২ খ্রি. পর্যন্ত	১৭/১০/২০২২ খ্রি.	

উপজেলার নাম	ইউনিয়নের নাম	লঞ্চঘাটের নাম ও ক্রমিক নম্বর	১৪২৯ সালের সম্ভাব্য ইজারা মূল্য	দরপত্র মূল্য
ভোলা সদর	রাজাপুর	(ক্রমিক নং-০১) বজোর চর লঞ্চঘাট	৫০০০/-	৫০০/-
”	ইলিশা	(ক্রমিক নং-০২) নাদের মিয়ার হাট লঞ্চঘাট	১০০১০/-	৫০০/-
”	কাচিয়া	(ক্রমিক নং-০৩) দাসের হাট লঞ্চঘাট	৫০০০/-	৫০০/-
লালমোহন	ফরাজগঞ্জ	(ক্রমিক নং-০৭) ফরাজগঞ্জ বেড়ির মাথা লঞ্চঘাট	১৮১৫০০/-	১০০০/-
মনপুরা	দক্ষিণ সাকুচিয়া	(ক্রমিক নং-০৯) সূর্যমুখী লঞ্চঘাট	৩৮৮০৪/-	৫০০/-
”	দক্ষিণ সাকুচিয়া	(ক্রমিক নং-১০) পচাঁকোড়ালিয়া লঞ্চঘাট	১১৪৪০০/-	৫০০/-
”	দক্ষিণ সাকুচিয়া	(ক্রমিক নং-১১) বেবাজিয়া লঞ্চঘাট	৭৯২৫/-	৫০০/-

(মোঃ তৌফিক - ই-লাই-চৌধুরী)

জেলা প্রশাসক

ও

আহ্বায়ক


জেলা প্রশাসনের নিয়ন্ত্রণাধীন লঞ্চঘাট
ইজারা ব্যবস্থাপনা কমিটি, ভোলা।

স্মারক নং-০৫.১০.০৯০০.০০৪.০৯.০০৩.২২. ৫৪৮

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ।
৩১ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি/অবগতি ও বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ভোলা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, (সংশ্লিষ্ট সকল), ভোলা। তাকে উল্লিখিত ইজারা বিজ্ঞপ্তিখানা সংশ্লিষ্ট লঞ্চঘাট এলাকাসহ গুরুত্বপূর্ণ স্থানে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৪. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, উপজেলা। তাকে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৫. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ,, ভোলা।
৬. জনাব, ইজারাদার, লঞ্চঘাট ১৪২৮ বাংলা সন।
৭. নোটিশ বোর্ড।
৮. অফিস কপি।


জেলা প্রশাসক
ভোলা।